দৈনিক জনকণ্ঠ

৫।

তারিখ 27 JAN 1996
পৃষ্ঠা ৪ কলাম ১

## ভূগোল বিষয়টিকে বাধ্যতামূলক বিষয় হিসাবে রাখা হোক

বিশ্বস্ত সূত্রে জানা গেছে, ১৯৯৬ সাল থেকে ভূগোলের মতো একটি গুরুত্বপূর্ণ বিষয়কে নবম-দশম শ্রেণীর পাঠ্যসূচীতে ঐচ্ছিক বিষয় করে বাদ দেয়া হচ্ছে। এ সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, বিসিএস পরীক্ষাসহ যে কোন প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করতে হলে ভূগোল বিষয়ে ব্যাপক জ্ঞান থাকা আবশ্যক। কিন্তু বর্তমানে দেশের শতকরা প্রায় ৯০টি কলেজে বিষয়টি অধ্যয়ন করার কোন ব্যবস্থা নেই। ফলে ছাত্রছাত্রীদের নবম-দশম শ্রেণীর ভূগোলের জ্ঞানের ওপর নির্ভর করে কলেজ পর্যায়ের বইগুলো বেশ কষ্ট করে আয়ত্তে এনে বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় সফলতা অর্জন করতে হয়। ভূগোল বিষয়ে জ্ঞান ছাড়া কোন দেশই কৃষি, শিল্প, পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা, ব্যবসা-বাণিজ্য ইত্যাদিতে উন্নতি লাভ করতে পারে না। এ কারণে বিশ্বের সব দেশেই বিষয়টি এসএসসি বা সমপর্যায় পর্যন্ত বাধ্যতামূলক। এদিকে ভূগোলের গুরুত্ব বিবেচনা করে যেখানে দেশের প্রায় সব কলেজে বিষয়টি খোলার জোর দাবি ও পর্যায়ক্রমে খোলার ব্যবস্থা চলছে সে মুহূর্তে বিষয়টি হঠাৎ করে জনমত যাচাই না করে ঐচ্ছিক বিষয়ে পরিণত করার কারণ বোধগম্য নয়।

এমনিতেই এ দেশের ছাত্রছাত্রীদের ভূগোল জ্ঞান খুবই সীমিত। এ অবস্থায় বিষয়টি ঐচ্ছিক করা হলে কয়েক বছরের মধ্যেই ছাত্রছাত্রীরা ভূগোল জ্ঞান শূন্য হবে। তাই শিক্ষা মন্ত্রণালয়ের কাছে আবেদন আগের মতো ভূগোল বিষয়টিকে সকল বিভাগের ছাত্রছাত্রীদের জন্য বাধ্যতামূলক বিষয় হিসাবে রাখা হোক।

**মাহমুদ হোসেন**
১৮১নং ধানমন্ডি
১৫নং সড়ক, ঢাকা।